



তথ্যবিবরণী

নম্বর: ১৮

পুনরায় চালু হলো রাসিক পরিচালিত রাজশাহী সিটি হাসপাতাল

রাজশাহী ; ২০ শ্রাবণ (০৪ আগস্ট) :

রাজশাহী সিটি কর্পোরেশন (রাসিক) পরিচালিত রাজশাহী সিটি হাসপাতাল পুনরায় চালু করা হয়েছে। এ উপলক্ষে আজ বৃহস্পতিবার (০৪ আগস্ট) সকালে রাজশাহী সিটি হাসপাতাল চত্বরে পুনঃচালুকরণ সভা অনুষ্ঠিত হয়।

সভায় রাসিক মেয়র এ এইচ এম খায়রুজ্জামান লিটন প্রধান অতিথি হিসেবে বক্তৃতা করেন।

অনুষ্ঠানে রাসিক মেয়র বলেন, রাজশাহী সিটি হাসপাতালে আগে ভালো চিকিৎসা সেবা পাওয়া যেত, কিন্তু এই হাসপাতাল পরিচালনার জন্য যারা দায়িত্ব নিয়েছিল, তারা সেটা সঠিকভাবে পালন করতে পারেনি। তাই বেশ কিছুদিন ধরে এই হাসপাতালটি বন্ধ ছিল। আজ রাজশাহী সিটি কর্পোরেশনের উদ্যোগে হাসপাতালটি আবার চালু করা হলো।

মেয়র বলেন, আগে এ হাসপাতালে রাজশাহী শহর ছাড়াও পুঠিয়া, বাঘা, চারঘাটসহ আশেপাশের বিভিন্ন অঞ্চল থেকে গরীব-দুঃখী, অসহায় মানুষ চিকিৎসা সেবা নিতে আসতো, কিন্তু সাময়িক সময়ের কারণে সেটা কিছুটা ব্যাহত হয়েছে।

তিনি বলেন, হাসপাতালের ভবনের কিছু সংস্কার করা প্রয়োজন ছিল, যা আমরা করে দিয়েছি। হাসপাতালের সামনে রাস্তার কাজও প্রায় শেষের দিকে।

এমবিবিএস ডাক্তার দ্বারা হাসপাতালটি পরিচালনা করা হবে জানিয়ে তিনি হাসপাতালটি সুষ্ঠুভাবে পরিচালনা করতে এলাকাবাসীর সহযোগিতা কামনা করেন।

সভাপতির বক্তব্যে রাসিকের প্রধান স্বাস্থ্য কর্মকর্তা ডা. এফ.এ.এম. আঞ্জুমান আরা বেগম জানান, এই হাসপাতালে বিশ টাকা টিকিটের মাধ্যমে সাধারণ রোগীরা এমবিবিএস ডাক্তারগণের কাছ থেকে চিকিৎসা সেবা গ্রহণ করতে পারবেন এবং রাসিকের পক্ষ থেকে তাদের বিনামূল্যে ওষুধ প্রদান করা হবে।

অনুষ্ঠানের শুরুতে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ৭৫'র ১৫ আগস্ট শহিদ তাঁর পরিবারের সদস্যদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে ১ মিনিট নীরবতা পালন করা হয় এবং অনুষ্ঠান শেষে তাঁদের আত্মার মাগফেরাত কামনায় বিশেষ মোনাজাত অনুষ্ঠিত হয়।

পরে মেয়র হাসপাতালের সার্বিক পরিবেশ পরিদর্শন করেন।

.....

তৌহিদ/সিকান্দার/রুহুল/হালিম/২০২২/২১.০০ঘ.